

চন্দ্রশেখর ভট্টাচার্য্য  
যাকে ছুঁতে পারনি

কিছু শব্দ,  
যা ভীতরেই ছিল -  
তুমি বের করে এনেছো তাকে।

কিছু ভাষা,  
যা ছিল ঠোঁটের নীচে -  
তুমি তাকে বদলে দিয়েছো  
কবিতায়।

কিছু স্বপ্ন,  
যা চোখেতেই ছিল -  
তুমি জাগিয়ে দিয়েছো  
শুধুমাত্র।

কিছু বেদনা,  
যা বুকতেই ছিল জমা -  
তুমি অনুভব দিয়ে ছুঁয়েছো তাকে,  
কিছু ভালোবাসা,  
যা হৃদয়েই ছিলো লুকিয়ে -  
শুধু সেটাকেই পারনি  
ছুঁতে।

অভিমানি

তোমার দেহের পিছনে  
ধাবমান ছায়া  
ঠিক তারই পিছনে আমি,  
নিঃশব্দ পদ সঞ্চালন  
যেন দেহের সাথে ছায়ার  
ছায়ার সাথে আমার  
পাগলামি।

তোমার দেহের পরে  
আলোর প্রতিচ্ছবি  
আলো নয় যেন  
প্রেমিকের হাতছানি,  
সব কিছু ভুলে গিয়ে  
হাত দুটো ফেলি ছুঁয়ে  
সম্মুখে গিয়ে বলি  
ক্ষমা করো অভিমানি।  
তুমি চলে যাও  
ফিরেও দ্যাখনা তাই -  
তোমার হৃদয় নেই ,  
তোমার হৃদয় নেই -  
এই বলে ফিরে আসি  
আর সব কিছু ভুলে যাই।